গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

সমন্বয় ও সংসদ অধিশাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mofood.gov.bd

**জুলাই-২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ কায়কোবাদ হোসেন
সচিব

সভার স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভার তারিখ ও সময়ঃ ২৭.০৭.২০১৭ খ্রি. সকাল ১১-০০ মিনিট

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশ করা আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জুন-২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়। জুন-২০১৭ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

## খাদ্য মন্ত্রণালয়

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. খাদ্য মন্ত্রণলয়ের শূন্য পদে জনবল নিয়োগ | সভায় আলোচনা হয় যে, জনবল প্রমিতকরণে সৃজিত ১৭টি পদের জিও অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাংকন করায় ৩য় ও ৪র্থ শ্রণির মোট শূন্য পদের সংখ্যা ২৬টি। যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভায় অবহিত করেন যে, ২৫.০৭.২০১৭ খ্রি. তারিখে নিয়োগ কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী সভা ০১.০৮.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। এছাড়া, জেলা কোটা নির্ধারণ চূড়ান্ত হওয়ার পর নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হবে। | খাদ্য মন্ত্রণালয়ের বিদ্যমান ২৬টি শূন্য পদে জনবল নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| ২. ইন হাউজ প্রশিক্ষণ | সভায় জানানো হয় যে, APA তে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিগণকে ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। জুন-২০১৭ মাসে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরীতে মোট ১৫১ জন কর্মকর্তা/ কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন-হাউজ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হয়। | ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে | যুগ্ম-সচিব (প্র-১), খাদ্য মন্ত্রণালয় |
| ৩. শাখা পরিদর্শন | জুন-২০১৭ মাসে তদন্ত সংশ্লিষ্ট কর্মকর্তা অডিট-৩ এবং অভ্যঃ সংগ্রহ অধিশাখা পরিদর্শন করা হয়েছে। প্রতিটি শাখা পরিদর্শনপূর্বক পরিদর্শনকালীন প্রাপ্ত অনিয়ম/ত্রুটিসমূহ সংশোধনের লক্ষ্যে শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে | সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| ৪. ই-ফাইলিং | সভায় আলোচনা হয় যে, ই-ফাইলিং এ কাজের পরিমাণ অনেক কমে গেছে। মন্ত্রণালয়/ বিভাগসমূহের মধ্যে বর্তমানে খাদ্য মন্ত্রণালয়ের অবস্থান অনেক নীচে অর্থাৎ ২১তম। ই-ফাইল পদ্ধতিতে কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। বিস্তারিত আলোচনাশেষে সকল ক্ষেত্রে ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধি এবং প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করতে হবে। | সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান, খাদ্য মন্ত্রণালয় |

<table>
<tr>
<td>৫. অডিট আপত্তি নিষ্পত্তি</td>
<td>যুগ্ম-সচিব (অডিট) সভায় জানান যে, জুন-২০১৭ মাসে অগ্রিম আপত্তি নিষ্পত্তির কোন সভা অনুষ্ঠিত হয়নি। তবে, ৩টি অনুচ্ছেদের ব্রডসিট জবাব প্রেরণ করা হয়েছে। অডিট অধিশাখা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী অগ্রিম, খসড়া ও সংকলনভূক্ত অডিটের তথ্য নিম্নে দেখানো হলঃ<br>
(ক) অগ্রিম
<table>
<tr><th>বিবরণ</th><th>মে- ২০১৭</th><th>জুন-২০১৭</th></tr>
<tr><td>প্রারম্ভিক আপত্তি -----</td><td>২৮৫৩</td><td>২৮৭১</td></tr>
<tr><td>সংযোজিত আপত্তি ---</td><td>১৮</td><td>৫১</td></tr>
<tr><td>মোট আপত্তি ---</td><td>২৮৭১</td><td>১৮৭২</td></tr>
<tr><td>নিস্পত্তিকৃত (জারিপত্র)</td><td>০০</td><td>৫৩</td></tr>
<tr><td>অবশিষ্ট আপত্তি -----</td><td>২৮৭১</td><td>২৮১৯</td></tr>
<tr><td>ব্রডশিট জবাব -----</td><td>৩৬</td><td>০৩</td></tr>
<tr><td>ত্রিপক্ষীয় সভা -----</td><td>০১</td><td>০০</td></tr>
<tr><td>আলোচিত আপত্তি ---</td><td>২৫</td><td>০০</td></tr>
<tr><td>নিষ্পত্তির সুপারিশ ---</td><td>০০</td><td>০০</td></tr>
</table>
(খ) খসড়া-৭৬৩টি<br>
(গ) সংকলনভূক্ত-৫৮৩টি</td>
<td>অডিট আপত্তি নিস্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে এবং প্রতিমাসে কমপক্ষে ১টি ত্রিপক্ষীয় সভা করতে হবে।</td>
<td>যুগ্ম-সচিব (বাজেটও অডিট) এবং যুগ্মসচিব (অডিট), উপ-সচিব (অডিট-৩), খাদ্য মন্ত্রণালয় ও মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৬. পরিস্কার পরিচ্ছন্নতা</td>
<td>সভায় আলোচনা হয় যে, খাদ্য মন্ত্রণালয়ের ফ্লোরে পূর্ব ও পশ্চিম উভয় দিকে পুরুষ ও মহিলাদের জন্য ১টি করে মোট ৪টি কমন ওয়াশরুম রয়েছে। এ সকল ওয়াশরুম এর টয়লেটসমূহ পিডাব্লিউডি'র পরিচ্ছন্নতা কর্মীগণ ঠিকমত পরিস্কার করেন না। ব্যবহারকারীগণের অবহেলায় দূর্গন্ধ বের হয়। পরিচ্ছন্নতা কাজে কোন তদারকি হয়না। অফিস খোলা রাখার দিন কর্ম-ঘন্টায় পর্যায়ক্রমে কয়েকবার পরিস্কারকরণ এবং যথাযথ তদারকি নিশ্চিত করার জন্য পিডাব্লিউডিকে পত্র দিতে সচিব নির্দেশ প্রদান করেন।</td>
<td>কমন ওয়াশরুমসমূহ যথাযথ তদারকির মাধ্যমে পরিচ্ছন্ন রাখা নিশ্চিত করার জন্য পিডাব্লিউডিকে পত্র দিতে হবে।</td>
<td>উপ-সচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
<tr>
<td>৭. অভিযোগ ব্যবস্থাপনা</td>
<td>খাদ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিভিন্ন কর্মকর্তা/ ব্যক্তির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তথ্য নিম্নরুপঃ
<table>
<tr><th>জের</th><th>বর্তমান মাসে প্রাপ্ত</th><th>মোট অভিযোগ</th><th>নিষ্পত্তির সংখ্যা</th><th>অনিষ্পন্ন সংখ্যা</th><th>তিন মাসের উপরে</th><th>ছয় মাসের উপরে</th><th>তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা</th></tr>
<tr><td>৪৫</td><td>-</td><td>৪৫</td><td>২৩</td><td>২২</td><td>৩</td><td>১৬</td><td>৩</td></tr>
</table>
গত মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিচালক (প্রশাসন) খাদ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী অনিষ্পন্ন ৪৫টি অভিযোগের সংক্ষিপ্ত তথ্য নিম্নরুপঃ<br>
* জুন-২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন সংখ্যা-৪৫টি<br>
* খাদ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত নিষ্পত্তিপত্র-২৩টি<br>
* অনিষ্পন্ন অভিযোগ-২২টি<br>
* মন্ত্রণালয়ে প্রেরিত তদন্ত প্রতিবেদন-৮টি<br>
* প্রেরণের উদ্দেশ্যে প্রক্রিয়াধীন প্রতিবেদন সংখ্যা-০২টি<br>
* তদন্তাধীন অভিযোগ সংখ্যা-৮টি<br>
* খাদ্য মন্ত্রণালয়ে তদন্তাধীন অভিযোগ সংখ্যা-০৪টি</td>
<td>অনিষ্পন্ন অভিযোগের বিস্তারিত তথ্য মাসিক সভায় সঠিকভাবে উপস্থাপন করতে হবে</td>
<td>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয় ও পরিচালক (প্রশাঃ), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td></td>
<td>অনিষ্পন্ন অভিযোগ তদন্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে ২ বছরের উর্দ্ধে ২টি এবং ১ বছরের উর্দ্ধে ৪টি অর্থাৎ মোট ৬টি অভিযোগ দ্রুত উপস্থাপনের জন্য নির্দেশ দেয়া হয়।</td>
<td>২ বছরের উর্দ্ধে ২টি এবং ১ বছরের উর্দ্ধে ৪টি অর্থাৎ মোট ৬টি অভিযোগ দ্রুত উপস্থাপন করতে হবে</td>
<td>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৮. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশের আলোকে ফরমেট অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম সভায় কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। ইতোমধ্যে, কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। প্রণীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সচিব নির্দেশ প্রদান করেন। | প্রণীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| ৯. APA ২০১৭-২০১৮ বাস্তবায়ন | সভায় জানানো হয়ে যে, ২০১৭-২০১৮ সালের APA মন্ত্রিপরিষদ বিভাগে চূড়ান্তভাবে প্রেরণ করা হয়েছিল। গত ২৬.০৭.২০১৭ খ্রি. তারিখ APA স্বাক্ষরিত হয়েছে। তবে, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ সহ বেশ কয়েকটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা পূনর্বিন্যাস করে চলতি অর্থ বছরের ১ম কোয়ার্টারের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে সংশোধিত APA প্রেরণ করতে হবে। জুন-২০১৭ মাসের সভার সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামত ২০১৬-২০১৭ সালের APA এর মূল্যায়ন ১৬ জুলাই এর মধ্যে সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহসহ বেশ কয়েকটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা পূনর্বিন্যাস করে চলতি অর্থ বছরের ১ম কোয়ার্টারের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে সংশোধিত APA প্রেরণ করতে হবে | যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| ১০. **আইন ভাষান্তর** | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী খাদ্য অধিদপ্তরের বিদ্যমান ২টি আইন Out-Sourcing এর মাধ্যমে খসড়া ভাষান্তর সম্পন্ন করে এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে তা প্রমিতকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'বাংলা ভাষা বাস্তবায়ন কোষ' এ প্রেরণ করা হয়েছে। বাবাকো থেকে কিছু Observation জানানো হলে তা প্রেরণ করা হচ্ছে মর্মে যুগ্ম-সচিব সভাকে অবহিত করেন। | আইনের খসড়া প্রমিতকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ-১ | সভায় আলোচনা হয় যে, সরকারি নির্দেশ অনুযায় কর্মকর্তাগণ মাসিক বেতন বিলের মাধ্যমে সংবৎসরিক সম্ভাব্য প্রদেয় টেক্স এর একটি অংশ পরিশোধ করে থাকেন। ২০১৭-২০১৮ সালের অগ্রিম ট্যাক্স রিটার্ণ দাখিলের জন্য পরিশোধিত ট্যাক্স এর প্রত্যায়নপত্র দরকার। বিস্তারিত আলোচনা শেষে পরিশোধিত ট্যাক্স এর প্রত্যায়ন প্রাপ্তির জন্য একটি 'ছক' (ফরমেট) আগামী ৭ (সাত) দিনের মধ্যে সরবরাহের জন্য সভায় সিএও (খাদ্য)কে অনুরোধ করা হয়। | পরিশোধিত ট্যাক্স এর প্রত্যায়ন প্রাপ্তির জন্য একটি 'ছক' (ফরমেট) আগামী ৭ (সাত) দিনের মধ্যে সরবরাহ করতে হবে | সিএও, খাদ্য মন্ত্রণালয় |
| | **সাংগঠনিক কাঠমোর পৃষ্ঠাংকিত কপি সংগ্রহ**<br>খাদ্য অধিদপ্তরের নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণে সাংগঠনিক কাঠামো তথা পদ ভিত্তিক অর্থ মন্ত্রণালয়ের পৃষ্ঠাংকন কপি প্রয়োজন। বিষয়সমূহ অনেক পুরাতন। জুন মাসের ব্যস্ততায় তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হয়নি মর্মে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে খাদ্য অধিদপ্তরকে জরুরিভিত্তেতে ১টি তল্লাশী টীম গঠনের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। তল্লাশী টীমের প্রাপ্তি/ মতামতের ভিত্তিতে পদভিত্তিক পৃষ্ঠাংকিত আদেশের বিষয়ে সিএও খাদ্যকে মতামত প্রদানের জন্যও সচিব নির্দেশ প্রদান করেন। | (১) খাদ্য অধিদপ্তরে জরুরিভিত্তেতে ১টি তল্লাশী টীম গঠন করতে হবে<br>(২) তল্লাশী টীমের প্রাপ্তি/ মতামতের ভিত্তিতে পদভিত্তিক পৃষ্ঠাংকিত আদেশের বিষয়ে সিএও খাদ্যকে মতামত প্রদান করতে হবে | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং সিএও, খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ-২ | সভায় আলোচনা হয় যে, খাদ্য মন্ত্রণালয়ের কর্মবন্টন পুনর্বিন্যাসের জন্য ১টি কমিটি গঠিত হয়েছে। সদস্য-সচিব সরকারি কাজে চট্টগ্রাম যাওয়ায় এ কমিটির আহবানকৃত সভা স্থগিত করা হয়েছে। কর্মবন্টন পুনর্বিন্যাসের জন্য কমিটির উপর অর্পিত দায়িত্ব দ্রুত সম্পন্ন করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | কর্মবন্টন পুনর্বিন্যাসের জন্য কমিটির উপর অর্পিত দায়িত্ব দ্রুত সম্পন্ন করতে হবে | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

| | খাদ্য অধিদপ্তর | | |
|---|---|---|---|
| ১. শূন্য পদে নিয়োগ ও নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণ | সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তরের ২য় থেকে ২০তম গ্রেডে মোট ৪৪১৭টি পদ শূন্য রয়েছে। নিয়োগ বিধিমালায় বাদ পড়া ৪টি পদ অন্তর্ভূক্তির প্রয়োজনীয় কাগজপত্রসহ সম্পূরক প্রস্তাবের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাছাই কমিটির সর্বশেষ সভা গত ১১.০৫.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগ বিধিমালা সচিব কমিটিতে উপস্থাপনের জন্য চেকলিস্ট অনুযায়ী তথ্যাদি আগামী ৭ (সাত) দিনের মধ্যে ৩১সেট প্রেরণের জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে সচিব নির্দেশ প্রদান করেন। | নিয়োগ বিধিমালা সচিব কমিটিতে উপস্থাপনের জন্য চেকলিস্ট অনুযায়ী তথ্যাদি আগামী ৭ (সাত) দিনের মধ্যে ৩১সেট প্রেরণ করতে হবে | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর ও উপ-সচিব (প্র-২), খাদ্য মন্ত্রণালয় |
| ২.অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ | **বোরো সংগ্রহ-২০১৭**<br>সভায় অবহিত করা হয় যে, বোরো-২০১৭ মৌসুমে এফপিএমসি'র সভার সিদ্ধান্ত অনুযায়ী ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন, সিদ্ধ চাল ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন এবং আতপ চাল ১.০০ (এক) মেট্রিক টন। ধানের সংগ্রহ মূল্য ২৪/-, সিদ্ধ চাল ৩৪/- ও আতপ চালের মূল্য ৩৩/-টাকা। সভায় জানানো হয় যে, ২৬.০৭.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত মিলারগণের সাথে প্রায় ২ লাখ ১১ হাজার মেট্রিক টন সিদ্ধ এবং ১৩ হাজার মেট্রিক টন আতপ চালের চুক্তি করা হয়। এ যাবত ১ লাখ ৪০ হাজার ১৪৩ মেট্রিক টন সিদ্ধ ও ১২ হাজার ৭৩ মেট্রিক টন আতপ চাল সংগ্রহ করা হয়েছে। মিলারগণ কর্তৃক চাল সরবরাহ অব্যাহত আছে। বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সর্বাত্বক তৎপর থাকার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়। | বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সর্বাত্বক তৎপর থাকতে হবে | মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর |
| ৩. খাদ্যশস্য বিতরণ ও বাজার দর মনিটরিং | **(ক) খাদ্যবান্ধব কর্মসূচি**<br>**ভোক্তা অধিকার হালনাগাদকরণ**<br>সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তর কর্তৃক খাদ্যবান্ধব কর্মসূচিতে ইউনিয়নভিত্তিক উপজেলা পর্যায়ে সুবিধাভোগীদের সংখ্যার গড়মিল এবং অতিরিক্ত ৪৯ হাজার সুবিধাভোগী পরিবার অন্তর্ভূক্তির যে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল তা মন্ত্রণালয়ের সরবরাহ অধিশাখার ২৪.০৭.২০১৭ খ্রি. তারিখের ২৩৭ নং পত্র সংখ্যায় অনুমোদন দেয়া হয়েছে। | ------------- | উপ-সচিব (সরবরাহ), খাদ্য মন্ত্রণালয় |
| | **(খ) ওএমএস খাতে চাল ও আটা বিক্রয়**<br>সভায় জানানো হয় যে, ঢাকা মহানগর এবং আশপাশের শ্রমঘণ এলাকায় ওএমএস খাতে আটা বিক্রয় অব্যাহত আছে। ২৫১টি কেন্দ্রের প্রতিটিতে প্রতিদিন ০২ (দুই) মেট্রিক টন অর্থাৎ ৫০২ মেট্রিক টন আটা বিক্রয় করা হচ্ছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে ওএমএস খাতে আটা বিক্রয়ের জন্য ময়দাকলে ২ লাখ ৯৭ হাজার মেট্রিক টন গমের আনুপাতিক পরিমাণ ২ লাখ ২৮ হাজার মেট্রিক টন ফলিত আটা বিক্রয় করা হয়েছে। ওএমএস কার্যক্রমের উপর যথাযথ নজরদারি নিশ্চিত করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। | যথাযথ নজরদারি রেখে ওএমএস খাতে আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে | মহাপরিচালক পরিচালক (সববি), খাদ্য অধিদপ্তর |
| | **(গ) চাল ও আটার বাজারমূল্য মনিটরিং**<br>সভাকে অবহিত করা হয় যে, খাদ্য পরিকল্পণা ও পরিধারণ ইউনিটের মাধ্যমে ঢাকা মহানগরের চাল ও আটার বাজার দর মনিটরিং অব্যাহত আছে। প্রাপ্ত বাজার দর হতে দেখা যায় যে, ঢাকা মহানগরের পাইকারি দরে প্রতিকেজি চাল ৪০-৪২ টাকা এবং খুচরা প্রতিকেজি ৪২-৪৫ টাকা। খোলা আটার গড় বাজার দর প্রতিকেজি ২৩-২৫ টাকা। | ঢাকা মহানগরের বাজারদর নিয়মিত পর্যবেক্ষণপূর্বক মনিটরিং অব্যহত রাখতে হবে | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট |

<table>
<tr>
<td></td>
<td>বিভাগীয়/ জেলা ও উপজেলার বাজার দর অনুযায়ী খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায় থেকে নিয়মিত মনিটরিং করা হয়। মনিটরিং এর আওতাধীন এ গড় বাজার দর খুচরা প্রতিকেজি চাল ৩৯.৭৬ টাকা এবং আটা ২৩.৯৫ টাকা।</td>
<td>খাদ্য অধিদপ্তর কর্তৃক মনিটরিং এ প্রাপ্ত বাজার দর সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে</td>
<td>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৪.রাজস্ব বাজেটের আওতায় সংস্কার/ মেরামত, ওঅন্যান্য নির্মাণ</td>
<td>গুদাম মেরামত<br>পরিচালক (আইডিটিএস) কর্তৃক প্রেরিত তথ্য হতে দেখা যায় যে, রাজস্ব বাজেটে মেরামত/ সংস্কার এর আওতাধীন ৬২টি কাজের মধ্যে ৫৯টি সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৩টি কাজের সার্বিক অগ্রগতি ৮২%। এ সকল কাজের আওতাধীন ১২২টি গুদামের মধ্যে ১১৪টি গুদামের মেরামত/ সংস্কার সমাপ্ত হয়েছে। অন্তর্ভুক্ত গুদামের ধারণক্ষমতা ৭৫ হাজার ৫৫০ মেট্রিক টন। অবশিষ্ট ৮টি গুদামের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় নির্দেশ দেয়া হয়।</td>
<td>মেরামতের আওতাধীন অবশিষ্ট ৮টি গুদামের মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td></td>
<td>অন্যান্য নতুন নির্মাণ<br><br>২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৫-২০১৬ সালের সংশোধিত) নির্মাণ কাজ মোট ১৪টির মধ্যে ৯টি কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। সভায় আলোচনা হয় যে, অর্থ বছরের মধ্যে নতুন নির্মাণ কাজ শেষ না হওয়ায় বাজেট প্রভিশন অনুযায়ী বরাদ্দ সাপেক্ষে অবশিষ্ট কাজ ২০১৭-২০১৮ সালে সম্পন্ন করা যাবে।<br><br>অবশিষ্ট ৫টি কাজ নিম্নরুপঃ<br><br>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কাজের নাম</th><th>কার্যাদেশ নং ও তারিখ</th><th>৩০.০৪.২০১৭ তারিখ পর্যন্ত অগ্রগতি</th></tr>
<tr><td>১.</td><td>মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর এলএসডি'র সীমানা প্রাচীর রিটেইনিং ওয়াল ও আরসিসি রাস্তা নির্মাণ কাজ (লট-০২)</td><td>৩০.০৩.২০১৬<br>৪১৭</td><td>৬৫%</td></tr>
<tr><td>২.</td><td>নোয়াখালী জেলার সোনাইমুড়ী এলএসডি'র স্লাব বিম, কলাম (এফ,এস-৩,৪ ও ৫) এবং সীমানা প্রাচীর নির্মাণ কাজ (লট-০৫)</td><td>৩০.০৩.২০১৬<br>২৫২</td><td>৯৪%</td></tr>
<tr><td>৩.</td><td>খাগড়াছড়ি জেলার ছোট মুড়ং এলএসডি'র রিটেইনিং ওয়াল ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ (লট-০৬)</td><td>৩০.০৩.২০১৬<br>৪১৯</td><td>৯০%</td></tr>
<tr><td>৪.</td><td>সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর (নতুন ক্যাম্পাস) খাদ্য গুদাম কেন্দ্রের সীমানা প্রাচীর এর নির্মাণ কাজ (লট-০৭)</td><td>২৪.০২.২০১৬<br>২৫৩</td><td>৮৬%</td></tr>
<tr><td>৫.</td><td>সুনামগঞ্জ জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সুনামগঞ্জ এর ২য় তলা বিশিষ্ট (ভিত্তি ৪ তলা) অফিস বিল্ডিং নির্মাণ কাজ (লট-১২)</td><td>৩০.০৩.২০১৬<br>৪২৩</td><td>৯২%</td></tr>
<tr><td></td><td colspan="3">৫টি কাজের সার্বিক অগ্রগতি-৮২.৮০%।</td></tr>
</table>
</td>
<td>অবশিষ্ট ৫টি নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৫. মামলা সম্পর্কিত | সভায় জানানো হয় যে, মামলার তথ্য জেলা অফিস গুলোতে সফট ওয়ারে নিয়মিতভাবে এন্ট্রি করার জন্য খাদ্য অধিদপ্তরের নির্দেশনার প্রেক্ষিতে মাঠ পর্যায়ের মন্ত্রণালয়ের সকল স্থাপনায় মামলার হালনাগাদ তথ্য সফট ওয়্যারে আপলোড করা হচ্ছে। | মামলার তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর |
| | **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ** | | |
| ১. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম | সভায় জানানো হয় যে, নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম আরও বৃদ্ধি করা হয়েছে। সচেতনতামূলক সভা, কর্মশালার আয়োজনের পাশাপাশি নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিতকরণে বিভিন্ন প্রকার এবং ব্যাপক প্রচার কার্যক্রম অব্যাহত আছে। সর্বশেষ ১৮.০৭.২০১৭ খ্রি. তারিখে প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন সমন্বয়ে ১টি যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে স্বাস্থ্যসম্মত কুরবানী নিশ্চিতকরণে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ২. জনবল কাঠামো চূড়ান্তকরণ ও অন্যান্য বিষয় | (ক) সভায় আলোচনা হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ হতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সৃজিত ৩৬৫টি পদ সৃজনে মাননীয় মন্ত্রীর স্বাক্ষরিত সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জনবল চূড়ান্তকরণে যোগাযোগ অব্যাহত রাখতে হবে | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(খ) জাতীয় নিরাপদ খাদ্য দিবস" ঘোষণাকরণঃ**<br>সভায় জানানো হয় যে, অর্থ বিভাগ কর্তৃক "জাতীয় নিরাপদ খাদ্য দিবস" ঘোষণার অনাপত্তির আলোকে মন্ত্রণালয়ের সিদ্ধান্তের জন্য সার-সংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | জাতীয় নিরাপদ খাদ্য দিবস ঘোষণনাকরণের প্রক্রিয়া অনুসরণ করতে হবে | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(গ) টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্টের ডামি চিত্র অনুমোদনঃ**<br>চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সভায় জানান যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃক্ষের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত ৪টি টিভি ফিলার/স্পট বিষয়টি যাচাই-বাছাই করে মতামত/ সুপারিশ প্রদানের জন্য অতিরিক্ত-সচিব (সংগ্রহ ও সরবরাহ)-কে অনুরোধ করা হয়। | টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্ট চিত্র যাচাই-বাছাই করে মতামত/ সুপারিশ প্রদান করতে হবে | অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ), খাদ্য মন্ত্রণালয় |
| ৩. পেন্ডিং বিষয় | সভায় আলোচনা হয় যে, পেন্ডিং বিষয়ে কোন দপ্তর/ অধিশাখা/ শাখা হতে কোন তালিকা পাওয়া যায়নি। পেন্ডিং বিষয় না থাকায় এ বিষয়ে কোন আলোচনা করা হয়নি। আগামী মাসিক সমন্বয় সভার জন্য সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৮৩ নং অনুচ্ছেদ অনুসরণে মন্ত্রণালয়ের অধিশাখা/ শাখায় উক্ত নির্দেশমালার ২৬ নং ক্রোড়পত্র এবং সংস্থাসমূহকে ২৭নং ক্রোড়পত্র অনুসরণে পেন্ডিং তালিকা প্রেরণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | মন্ত্রণালয়ের অধিশাখা/ শাখায় সচিবালয় নির্দেশমালার ১৮৩ নং অনুচ্ছেদের আলোকে ক্রোড়পত্র ২৬ এবং ২৭ নং অনুসরণে পেন্ডিং তালিকা উপস্থাপন করতে হবে | মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কায়কোবাদ হোসেন)
সচিব